

অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ বাজেট অনুবিভাগ-২

বাজেট-২ অনুবিভাগ কর্তৃক উন্নয়ন প্রকল্পের বাজেট বরাদ্দের অর্থনৈতিক বিশ্লেষণসহ উন্নয়ন বাজেট প্রণয়ন সংক্রান্ত কাজের সমন্বয় এবং নতুন প্রকল্পের জন্য কোড প্রদান সংক্রান্ত যাবতীয় কার্যাবলি সম্পাদন করা হয়ে থাকে। উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা অর্পণ এবং উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার সম্পর্কে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন ও পদ্ধতি সম্পর্কে ব্যাখ্যা প্রদান করা হয়ে থাকে। উন্নয়ন প্রকল্পের জন্য বিশেষ হিসাব খোলার অনুমোদন, বাণিজ্যিক ব্যাংক মনোনয়ন এবং বিশেষ হিসাব থেকে অর্থ ব্যবহারের জন্য অথরাইজেশন জারি সংক্রান্ত কার্যাদি সম্পাদন করে থাকে। পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের ব্যবহার, পুনর্ভরণ পরিবীক্ষণ, সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর সংক্রান্ত কাজ করে থাকে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার বিভিন্ন প্রকল্পের ডিপিপি/টিএপিপি প্রণয়নকালে উন্নয়ন প্রকল্পের পদ/জনবল নির্ধারণের জন্য গঠিত কমিটির মাধ্যমে সুপারিশ প্রদান করে থাকে। এছাড়া উন্নয়ন বাজেট সংক্রান্ত অন্যান্য কার্যাবলি এ অনুবিভাগ হতে সম্পাদন করা হয়ে থাকে।

২০১৮-১৯ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী

- **উন্নয়ন বাজেট বই প্রণয়নঃ** ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত এবং ২০১৯-২০ অর্থবছরের মঞ্জুরি ও বরাদ্দের দাবীসমূহ (উন্নয়ন) বই ও ২০১৮-১৯ অর্থবছরের সম্পূর্ণ আর্থিক বিবৃতি প্রণয়ন করা হয়েছে;
- **মন্ত্রণালয়/বিভাগসমূহের ‘মধ্যমেয়াদি বাজেট কাঠামো পুস্তিকা’, ‘টেকসই উন্নয়নে জলবায়ু অর্থায়ন বাজেট প্রতিবেদন ২০১৯’ নামক ১টি পুস্তিকা এবং ‘ডিজিটাল বাংলাদেশের পথে অগ্রযাত্রা: হালচিত্র ২০১৯’ নামক ১টি পুস্তিকা প্রণয়ন করা হয়েছে;**
- **এমটিবিএফ এর আওতায় বাজেট প্রণয়নঃ** আর্থিক ব্যবস্থাপনার মান উন্নয়ন এবং প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে অধিকতর ক্ষমতা প্রদানের উদ্দেশ্যে মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (এমটিবিএফ) আওতায় ২৬টি মন্ত্রণালয়/বিভাগ এর ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০১৯-২০ অর্থ বছরের বাজেট প্রণয়ন করা হয়েছে;
- **মন্ত্রণালয়সমূহের বাজেট বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণঃ** অনুবিভাগের ১৩টি বাজেট শাখার আওতাধীন ২৬টি মন্ত্রণালয়/বিভাগের ২০১৮-১৯ অর্থবছরের বাজেট বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করা হয়েছে। ২৬টি মন্ত্রণালয়/বিভাগের আইবাস++ রিফর্মের আওতায় বাজেট এক্সিকিউশন এর যথাযথ প্রয়োগ করা হচ্ছে। BIP (Budget Implementation Plan) এর মাধ্যমে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী বাজেট বিভাজন এবং বাস্তবায়ন নিশ্চিত করা হচ্ছে;

বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯

- **উন্নয়ন প্রকল্পের জনবল নির্ধারণঃ** উন্নয়ন প্রকল্পের পদ/জনবল নির্ধারণের জন্য অর্থ বিভাগের অতিরিক্ত সচিব (বাজেট ও সামষ্টিক অর্থনীতি) এর সভাপতিত্বে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ৩২টি সভায় ২০৫টি নতুন প্রকল্পের ডিপিপিতে/টিএপিপিতে প্রয়োজনীয় পদ/জনবল নির্ধারণের সুপারিশ প্রদান করা হয়েছে;
- **পরিচালন বাজেট থেকে কর্মসূচি গ্রহণঃ** ২০১৮-১৯ অর্থবছরে বাজেট অনুবিভাগ-২ এর আওতাধীন কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে ১৮টি কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে;
- ২০১৮-১৯ অর্থবছরের বাজেটে মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পের প্রকল্প সাহায্য(আরপিএ) খাতের বরাদ্দের বিষয়ে বিশেষ হিসাব খোলার অনুমোদন, বাণিজ্যিক ব্যাংক মনোনয়ন এবং বিশেষ হিসাব থেকে অর্থ ব্যবহারের জন্য বাজেট অথরাইজেশন জারি করা হয়েছে;
- ১৩টি বাজেট শাখার আওতাধীন ২৬টি মন্ত্রণালয়/বিভাগের প্রয়োজনীয় ক্ষেত্রে অর্থ ছাড় করা হয়েছে;
- ১৩টি বাজেট শাখার আওতাধীন ২৬টি মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট একনেক, ক্রয় সংক্রান্ত ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে উপস্থাপিত বিষয়ে মতামত প্রদান করা হয়েছে;
- মন্ত্রণালয়/বিভাগসমূহের আওতাধীন দপ্তর/অধিদপ্তর ও স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বিভিন্ন ঋণ চুক্তি, বাণিজ্য চুক্তি ও প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পের উপর অর্থ বিভাগের মতামত প্রদান করা হয়েছে;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের নিম্নোক্ত আইন/বিধি/নীতিমালার উপর মতামত প্রদান করা হয়েছেঃ
 - (ক) প্রবাহমান নদী ও অন্যান্য জলাশয়ে খাঁচায় মাছ চাষ নীতিমালা ২০১৭
 - (খ) 'নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের প্রণোদনা সহায়তা প্রদান নীতিমালা, ২০১৮'
 - (গ) 'রপ্তানী নীতি ২০১৮-২১'
 - (ঘ) 'আমদানি নীতি আদেশ, ২০১৮-২১'
- মন্ত্রণালয়/বিভাগসমূহের আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের উন্নয়ন প্রকল্পের যানবাহন ক্রয়ের সম্মতি প্রদান করা হয়েছে;
- ৫টি মন্ত্রণালয়/বিভাগ এর দপ্তর/অধিদপ্তর সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার ১৪টি Statement of Facts (SF) ও Grounds for Appeal প্রেরণ করা হয়েছে;
- 'উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর অত্যাৱশ্যকীয়/অপরিহার্য পদ সৃজন ও জনবল নিয়োগ সংক্রান্ত' পরিপত্র জারি করা হয়েছে;
- 'বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (BIDA) অনুকূলে পরিচালন (অনুন্নয়ন) খাতে পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন বিষয়ে আর্থিক ক্ষমতা পুনঃনির্ধারণ সংক্রান্ত' পরিপত্র জারি করা হয়েছে; এবং
- বাজেট অনুবিভাগ-২ এর উপর অর্পিত দায়িত্ব ও কার্যাবলি সম্পাদনে যাবতীয় আর্থিক ও প্রশাসনিক বিধি-বিধান অনুসরণ করা হচ্ছে এবং তত্ত্বাবধানের মাধ্যমে সম্পাদিত কাজের গুণগত মান উন্নয়ন এবং গতিশীলতা আনয়ন প্রচেষ্টা অব্যাহত রয়েছে।